



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন  
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।  
www.bsti.gov.bd



স্মারক নম্বর: ৩৬.০৫.০০০০.২০৫.১২.৫০৮.২২.৮

তারিখ: ১২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বিএসটিআই'র টেকনিক্যাল কমিটি কর্তৃক প্রাথমিকভাবে অনুমোদিত খসড়া বাংলাদেশ মানের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিএসটিআই কর্তৃক জাতীয় মান প্রণয়ন/রিভিউ-এর লক্ষ্যে গঠিত 'বেকারি এন্ড কনফেকশনারি প্রোডাক্টস' টেকনিক্যাল কমিটি কর্তৃক নিম্নবর্ণিত ০২ (দুই) টি খসড়া মান রিভিশনকৃত বাংলাদেশ মান হিসেবে প্রাথমিকভাবে অনুমোদিত হয়েছে:

1. BDS 1000 Soft Candy (Draft for 2<sup>nd</sup> Revision)
2. BDS 1001 Wafer Biscuits (Draft for 2<sup>nd</sup> Revision)


উল্লেখ্য যে, মান দুটি বিএসটিআই'র বাধ্যতামূলক সার্টিফিকেশন মার্কস লাইসেন্সের আওতাভুক্ত। রিভিশনের লক্ষ্যে প্রাথমিকভাবে অনুমোদিত খসড়া মান দুটি চূড়ান্তকরণের পূর্বে মানসমূহের উপর আপনার/আপনার প্রতিষ্ঠানের সুচিন্তিত মতামত আহ্বান করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, সংযুক্ত খসড়া মানসমূহের বিষয়ে মতামত (যদি থাকে) যৌক্তিকতা উল্লেখপূর্বক আগামী ২৭ মার্চ ২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে কোনরূপ মতামত না পাওয়া গেলে মানসমূহের বিষয়ে সম্মত রয়েছেন মর্মে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

জাতীয় মান প্রণয়নে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

সকল সংযুক্তিসমূহ:

- (১) Draft BDS Wafer biscuits
- (২) Draft BDS Soft Candy



২৬-০১-২০২৫

এনামুল হক

উপপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ঢাকা।
- ২। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, পরিচালকের দপ্তর, আইএফএসটি, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ঢাকা।
- ৪। পরিচালক, ন্যাশনাল ফুড সেফটি ল্যাবরেটরি, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, ঢাকা।
- ৫। সভাপতি, এফবিসিসিআই, ঢাকা।
- ৬। সভাপতি, কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), ঢাকা।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, ঢাকা।
- ৮। সিইও, বাংলাদেশ এগ্রো-প্রসেসরস এসোসিয়েশন, ঢাকা।
- ৯। পরিচালক, সিএম উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।
- ১০। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), রসায়ন পরীক্ষণ উইং, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন।
- ১১। পরিচালক/অফিস প্রধান, বিএসটিআই বিভাগীয়/আঞ্চলিক/জেলা অফিস।
- ১২। সংশ্লিষ্ট বিভাগীয় ও টেকনিক্যাল কমিটির সদস্যবৃন্দ।
- ১৩। সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার।
- ১৪। প্রোগ্রামার, আইসিটি সেল, বিএসটিআই (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।



২৭-০১-২০২৫

মোঃ লিটন মিঞা

পরীক্ষক